# মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৮

## সার সংক্ষেপ

পরীক্ষামূলকভাবে ৮ আগস্ট, ২০১৫ তারিখ নিম্নলিখিত উদ্দেশ্যকে সামনে রেখে দেশের প্রত্যেক উপজেলায়/মহানগরে মাধ্যমিক পর্যায়ের তিনটি প্রতিষ্ঠানে (১টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্রাসা ও ১টি কারিগরি মাধ্যমিক বিদ্যালয় (যদি থাকে) মোট ১০৪৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি নির্বাচনের মাধ্যমে **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৫** উৎসব মুখর পরিবেশে **সফলভাবে অনুষ্ঠিত** হয়। পরবর্তীতে ধারাবাহিকভাবে দেশের সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় সফলভাবে **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬ এবং স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৭** অনুষ্ঠিত হয় ঃ

**স্টুডেন্টস কেবিনেট এর উদ্দেশ্য :**

(১) শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া;
(২) অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন;
(৩) শিক্ষা প্রতিষ্ঠানে শিখন-শিখানো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা;
(৪) শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ ছাত্র-ছাত্রীর ভর্তি ও ঝরেপড়া (**dropout**) রোধে সহাযোগিতা করা;
(৫) শিখন-শিখানো কাযক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পৃক্ত করা;
(৬) শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন কর্মকান্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা এবং
(৭) ক্রীড়া, সংস্কৃতি ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

২. প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত ৮ (আট) জন প্রতিনিধির সমন্বয়ে ১ বছরের জন্য **স্টুডেন্টস কেবিনেট** গঠিত হবে।

**স্টুডেন্টস কেবিনেটের কর্মপরিধি (পোর্ট ফোলিও):**

১. পরিবেশ সংরক্ষণ (আঙ্গিনা, টয়লেট পরিষ্কার এবং বর্জ ব্যবস্থাপনা);
২. পুস্তক ও শিখন সামগ্রী;
৩. স্বাস্থ্য;
৪. ক্রীড়া, সংস্কৃতি ও সহপাঠ কার্যক্রম;
৫. পানি সম্পদ;
৬. বৃক্ষ-রোপন ও বাগান তৈরী ইত্যাদি (সবুজায়ন);
৭. দিবস পালন ও অনুষ্ঠান সম্পাদন, অভ্যর্থনা ও আপ্যায়ন এবং
৮. আই.সি.টি.।

**৩. ভোটার, প্রার্থীতা ও কেবিনেট গঠন :** বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত প্রত্যেক ছাত্র-ছাত্রী ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে। নির্বাচনী তফসিল অনুযায়ী ভোটার তালিকাভুক্ত যে কোন শিক্ষার্থী নির্বাচনে প্রার্থী হতে পারবে। প্রত্যেক ভোটার প্রত্যেক শ্রেণিতে ১টি এবং সর্বোচ্চ ৩টি শ্রেণিতে ২টি করে মোট ৮ (আট) টি ভোট প্রদান করতে পারবে। প্রত্যেক শ্রেণি থেকে একজন করে পাঁচটি শ্রেণি হতে ৫জন এবং পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত তিন শ্রেণি থেকে ১জন করে ৩ জন মোট ৮ জন নিয়ে **স্টুডেন্টস কেবিনেট** গঠিত হবে। নির্বাচনে কোন প্রতীক ব্যবহার করা যাবে না।

**৪. কেবিনেটের সভা ও কাজ :** নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী সাত দিনের মধ্যে প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে **স্টুডেন্টস কেবিনেট** এর প্রথম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কেবিনেট প্রধান নিজেদের মধ্যে কর্মবন্টন, সহযোগী সদস্য মনোনয়ন এবং সাংবৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে **স্টুডেন্টস কেবিনেট** কার্যক্রম শুরু করবে। **স্টুডেন্টস কেবিনেট** প্রতিমাসে অন্ততঃ একটি সভা করবে। কেবিনেট প্রধান সভায় সভাপতিত্ব করবে। সিদ্ধান্ত গ্রহণে কেবিনেটের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে। শিক্ষকগণ সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা ও পরামর্শ প্রদান করবেন। সংখ্যা গরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে। ছয়মাস অন্তর সাধারণ ছাত্র ছাত্রীদের উপস্থিতিতে স্টুডেন্টস কেবিনেট এর সাধারণ সভা অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রতিনিধিগণ উক্ত সভায় তাদের কাজের জন্য একক ও যৌথভাবে দায়বদ্ধ থাকবে। যে সকল সদস্য দায়িত্ব পালনে ব্যর্থ/ অপারগ হবে তারা পদত্যাগ করবে এবং পরবর্তী অধিক ভোট প্রাপ্ত সদস্যকে কেবিনেটে অন্তর্ভুক্ত করা হবে।

**৫. নির্বাচনী দায়িত্ব :** নির্বাচনে নির্বাচন কমিশন , প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং শৃঙ্খলার দায়িত্ব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাই পালন করবে। শিক্ষকগণ, ম্যানেজিং কমিটি ও অভিভাবকগণ সার্বিক সহযোগিতা করবেন। এ নির্বাচন সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে

শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নেতৃত্বে এ উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। ব্যানবেইস এ কাজে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করে আসছে।

৬. **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৮ :** প্রসঙ্গিক কার্যক্রম সম্পন্ন করে ২০১৮ সনের স্টুডেন্টস কেবিনেট নির্বাচনের লক্ষে স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়েল, নির্বাচনী তফসিল আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক উপ-পরিচালক, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।

৭. **সারাদেশে সকল মাধ্যমিক বিদ্যালয়ে ২৭ জানুয়ারি ২০১৮ শনিবার ও সকল মাদ্রবসায় ২৯ জানুয়ারি ২০১৮ সোমবার সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে।** এ বছর দেশের ৪৮৭টি উপজেলা ও ৮ টি মহানগরের ২২৬৪৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে এই নির্বাচন অনুষ্ঠিত হবে। তন্মধ্যে ১৬০৮৭টি মাধ্যমিক বিদ্যালয়, ৬৫৫৭টি দাখিল মাদ্রাসা । এবছর মাধ্যমিক বিদ্যালয়ে ১,২৮,৬৯৬টি পদের জন্য ১,৮৭,৯৫৯ জন শিক্ষাথী এবং মাদ্রাসায় ৫২,৪৫৬টি পদের জন্য ৯৫,৩৮০ জন শিক্ষাথী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছে। এই নির্বাচনে মাধ্যমিক বিদ্যালয়ে মোট ভোটার সংখ্যা ৯,০২৪,৩১৫ তন্মধ্যে ছাত্রী ৪,৮৫৮,১৬৯ (৫৪%) জন এবং মাদ্রাসায় মোট ভোটার সংখ্যা ১,৩৬০,০৩৩ তন্মধ্যে ছাত্রী ৮১৬,৯৪১ (৬০%) জন ।

**বিভাগ ওয়ারী শিক্ষা প্রতিষ্ঠানের ভোটার ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা**

| প্রতিষ্ঠানের ধরণ | বিভাগ | জেলা | উপজেলা | মহানগর | বিদ্যালয়ের সংখ্যা | ভোটার সংখ্যা | | মোট প্রার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | মোট | ছাত্রী | |
| মাধ্যমিক বিদ্যালয় | ঢাকা | ১৩ | ৮৯ | ১ | ২৮৬২ | ১,৯৭৫,৫৪৯ | ১,০৫৩,৩১৬ | ৩৪০৫৭ |
| | ময়মনসিংহ | ৪ | ৩৫ | ১ | ১২২৯ | ৭০৭,৮২৪ | ৩৬৮,৪৪০ | ১৪৫০২ |
| | রাজশাহী | ৮ | **৯৯** | ১ | ২৪৭২ | ১,১৩৮,৩৮৯ | ৫৯৬,০৫৩ | ২৮৬৭৫ |
| | খুলনা | ১০ | **৬৭** | ১ | ২৩৮৮ | ১,০৩৭,৬০৭ | ৫৪৮,২০৯ | ২৭৯৩৯ |
| | চট্টগ্রাম | ১১ | **৫৯** | ১ | ২৫৯৪ | ১,৯৬৫,৯৯৭ | ১,১০৩,৩৬১ | ৩০০৯০ |
| | সিলেট | ৪ | **৪২** | ১ | ৮০০ | ৫৮৬,৮৮৫ | ৩৩০,৮৫৮ | ৯৪৮০ |
| | বরিশাল | ৬ | **৩৮** | ১ | ১৩৪০ | ৫৬২,৫০২ | ৩০০,১৩৮ | ১৫৪১০ |
| | রংপুর | ৮ | **৫৮** | ১ | ২৪১২ | ১,০৪৯,৫৬২ | ৫৫৭,৭৯৪ | ২৭৮০৬ |
| | **মোট** | **৬৪** | **৪৮৭** | **৮** | **১৬০৮৭** | **৯,০২৪,৩১৫** | **৪,৮৫৮,১৬৯** | **১৮৭৯৫৯** |
| দাখিল মাদ্রাসা | ঢাকা | ১৩ | ৮৯ | ১ | ৭৯৯ | ১৬৭,১৪৪ | ১০২,৬২০ | ১১৭৪৫ |
| | ময়মনসিংহ | ৪ | ৩৫ | ১ | ৫৬৬ | ১২৫,৬৩৬ | ৭৬,৬৪৭ | ৮৩৭৬ |
| | রাজশাহী | ৮ | **৯৯** | ১ | ১১১৯ | ১৯৮,৭১৯ | ১১৪,০৬৭ | ১৬০০১ |
| | খুলনা | ১০ | **৬৭** | ১ | ৮৭১ | ১৬২,৪৯২ | ৯৬,৪২৬ | ১২৬২৯ |
| | চট্টগ্রাম | ১১ | **৫৯** | ১ | ১০৫৪ | ২৭৩,৫৩৬ | ১৭৬,৮৯৩ | ১৪৮৬১ |
| | সিলেট | ৪ | **৪২** | ১ | ২৮৭ | ৭৭,১০৯ | ৪২,০৬২ | ৪৩০৫ |
| | বরিশাল | ৬ | **৩৮** | ১ | ৮১৫ | ১৬৪,৪৬৬ | ১০৪,৩১৭ | ১২০৬২ |
| | রংপুর | ৮ | **৫৮** | ১ | ১০৪৬ | ১৯০,৯৩১ | ১০৩,৯০৯ | ১৫৪০১ |
| | **মোট** | **৬৪** | **৪৮৭** | **৮** | **৬৫৫৭** | **১,৩৬০,০৩৩** | **৮১৬,৯৪১** | **৯৫,৩৮০** |
| **সর্বমোট** | | **৬৪** | **৪৮৭** | **৮** | **২২৬৪৪** | **১০৩৮৪৩৪৮** | **৫৬৭৬১১০** | **২৮৩৩৩৯** |

৮. উল্লেখ্য যে, ২০১৬ সালে ২২,৮৮৯ টি প্রতিষ্ঠানের ১,৮৩,১১২টি পদের বিপরীতে ৩,২১,৮৪৬ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিল। ২০১৬ ভোটার ছিলো ৯৭,৪৪,৪৯৫। এবং ২০১৭ সালে ২২,৯০৯ টি প্রতিষ্ঠানের ১,৮৩,২৭২টি পদের বিপরীতে ২,৮৯,১৯৬ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থী ছিল এবং ভোটার ছিলো ১,০৩,৯৮,৫৫১।

এ বিষয়ে ব্যানবেইস-এ একটি নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে। ফোন নম্বর: ০২-৫৫১৫১৮১৭, ইমেইল: studentcabinet2017@gmail.com

## মাধ্যমিক বিদ্যালয়ের ভোটার ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা

| জেলা | উপজেলা | মহানগর | বিদ্যালয়ের সংখ্যা | ভোটার সংখ্যা | | মোট প্রার্থী |
|---|---|---|---|---|---|---|
| | | | | মোট | ছাত্রী | |
| ৬৪ | ৪৮৭ | ৮ | ১৬০৮৭ | ৯,০২৪,৩১৫ | ৪,৮৫৮,১৬৯ | ১,৮৭,৯৫৯ |

## দাখিল মাদ্রাসার ভোটার ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা

| জেলা | উপজেলা | মহানগর | মাদ্যাসার সংখ্যা | ভোটার সংখ্যা | | মোট প্রার্থী |
|---|---|---|---|---|---|---|
| | | | | মোট | ছাত্রী | |
| ৬৪ | ৪৮৭ | ৮ | ৬৫৫৭ | ১,৩৬০,০৩৩ | ৮১৬,৯৪১ | ৯৫,৩৮০ |